**SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION**

**2022-2023**

# SAMPLE QUESTION PAPER(2022-23)

# SUBJECT- BENGALI(105)

# CLASS –XII

**TIME - 3 HOURS** **MAXIMUM MARKS - 80**

**Code No. 105**

**General Instructions:**

**1.** The question paper contains **21** printed pages.

**2.** The question paper contains **18** questions.

**3**. The Question Paper is divided into **two** Parts

**PART – A** : Objective type paper (MCQ) : **40** Marks

**PART – B** : Descriptive paper: **40** Marks

**4. PART – A** has **three** sections :

**Section – A: Reading ( Unseen Comprehension): 10 Marks**

**Section – B: Grammar : 5 Marks**

**Section – C : Main Course Book : 25 Marks**

**PART- B** has **three** sections:

**Section – B: Grammar : 12 Marks**

**Section – C : Supplementary Reader/ Non-detailed Text : 19Marks**

**Section – D : Creative Writing : 9 Marks**

# Class – XII (2022 – 2023)

## Subject – Bengali

সময়– ৩ঘন্টা　　　　　　　　　　　　　　　　সর্বমোট অঙ্ক – ৮০

**Time : 3 Hours.**　　　　　　　　　　　　　　**Maximum Marks: 80**

### PART A: Objective Type Questions (MCQ)

### SECTION- A( Reading)

### (Unseen Comprehension)

**1.** নিচের **তিনটি** অনুচ্ছেদ থেকে যে কোনো **দুটি** অনুচ্ছেদ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ : (MCQ)　　　　2X(1X5)=10

**A.** 'শৈশব' শব্দটার মধ্যে কেমন যেন একটা অদ্ভুত অনুরণন আছে না ? প্রায় যেন মনে হয়, 'সহজ পাঠ' থেকে উঠে আসা একটা শব্দ, হয়তো রবীন্দ্রনাথ এই পরিচ্ছেদেই 'ঐ-কার' সমৃদ্ধ শব্দ দিয়ে রচনা করে ফেলবেন একটি ছোট্ট গদ্যরচনা বা পদ্যবন্ধ| আর 'ঐ-কারের' ব্যাপারটা পোক্ত করার জন্যই হয়তো কবি কোথাও একটা জুড়ে দেবেন 'ঐসব' | সত্যিই, 'শৈশব'-এর দিনগুলো এখন 'ঐ সব' স্মৃতিকথা, যেগুলো রোজ সত্যি না হলে দুঃখও হয়, আবার এমন অদেখা হয়ে গেলেও কষ্ট হয়, যখন বুঝি যে সত্যিই ঐ-সব দিনগুলো ফিরে বোধহয় আর আসবে না| শৈশব বলতেই আমরা একটা সময়ের কথা ভাবি, একটা যুগকে মনে করি| এ কথা সবসময় সাহস করে ভাবি না, সেই-সেই যুগের-কালের শ্রেষ্ঠতম সঞ্চয়টুকু আমরা নিজেদের সঙ্গে নিয়েই বেড়াচ্ছি আজীবন | সম্প্রতি টাকি গিয়েছিলাম ছবির লোকেশন দেখতে | ইছামতি নদীর দুপাড় জুড়ে গ্রাম | এখনও সুবিস্তৃত মাঠের মাঝে আলের পাঁচিলের ভেতর জল টলটল করছে| ইটভাটার চিমনিগুলো শৈশবের ছবির মতো কিনা, জানিনা | তবে ছোটবেলায় সবাই মিলে কোন একবার শহর ছাড়িয়ে চড়ুইভাতি করতে গিয়েই ইটভাটার চিমনির সঙ্গে প্রথম পরিচয়| আমার আদ্যোপান্ত শহরে বড় হওয়া জীবনে যখন নীল আকাশ,

সোনা রোদ, নদীর ধারে পায়ে চলার পথ, পথের দুধারে সদ্যপীতাভ সর্ষেখেত জড়িয়ে ধরে হঠাৎ- তখন কই, তাদের অচেনা লাগে না তো! তবে কি শৈশবের 'সহজ পাঠ'-ই এই অপূর্ব সুন্দর পৃথিবীর ছন্দ-উপক্রমণিকা রচনা করেছে মনে-মনে? - চল ভাই নীলু| এই তালবন দিয়ে পথ| তারপর ধানখেত| তারপর তিসিখেত, তারপর দিঘি| বুঝতে পারছি বাক্যক্রম উল্টে-পাল্টে যাচ্ছে| যার যে ভাবে মনে আছে- সেইভাবে| কিন্তু বলতে বড় আনন্দ হচ্ছে| সে আনন্দ স্মৃতিশক্তির গৌরবের, না শৈশবের শব্দগুলোর কাছে ফিরে যাওয়ার- বলতে পারব না| আশ্চর্য এই, যে, গান তেমন কেউ গাইলো না অথচ গানের অধীশ্বরের কাজে আমরা চলেছি, আমাদের ইউনিটে একাধিক জন রবীন্দ্রনাথের গান একটার পর একটা অবলীলায় গেয়ে যায়| আমাদের যেন শিশুর মতো শব্দ খুঁড়ে এনে সেটাকে বলতে পারাতেই আনন্দ|

I. কথকের প্রায়ই মনে হয় 'শৈশব' কথাটি উঠে এসেছে –

A. 'কিশলয়' থেকে B. 'শিশু' থেকে

C. 'সহজ পাঠ' থেকে D. 'শিশু ভোলানাথ' থেকে

II. 'শৈশব' বলতেই আমরা কাকে মনে করি?-

A. একটা যুগকে B. একটা বছরকে

C. একটা শতককে D. একটা দশককে

III. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য(ক): নীলুর সঙ্গে চলার পথে কবিতার বাক্যক্রম উল্টে-পাল্টে যাচ্ছিল বুঝতে পেরেও কথক ও তাঁর সঙ্গীরা স্বত:স্ফূর্তভাবে বলতে পারার আনন্দেই বলে যাচ্ছিল|

মন্তব্য(খ): নীলুর সঙ্গে চলার পথে কবিতার বাক্যক্রম উল্টে-পাল্টে যাচ্ছিল বুঝতে পেরেও কথক ও তাঁর সঙ্গীরা স্মৃতিশক্তির পরীক্ষা করার জন্যই বলে যাচ্ছিল|

A. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

B. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

C. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ঠিক

D. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ভুল

IV. সম্পূর্ণভাবে নাগরিক জীবনে অভ্যস্ত হলেও প্রকৃতির কোমল আলিঙ্গন কথকের অচেনা লাগে না, কারণ –

A. কথক স্বভাবগতভাবেই আশৈশব প্রকৃতিপ্রেমী

B. কথকের মনে প্রোথিত শৈশবের ‘সহজ পাঠ’-এর শিকড়

C. কথক গ্রামীণ প্রকৃতির মধ্যেই থাকতেন

D. সঙ্গী-বন্ধুদের সাহচর্য কথককে প্রকৃতিপ্রেমী করে তোলে

V. ‘জুড়ে’- ক্রিয়াপদটির সাধুরূপ হবে –

A. জুড়াইয়া B. জুড়াইব

C. জুড়িয়া D. জুড়াইল

**B.** বাবার নতুন কেনা এই পুরনো বাড়িতে এসে বাসুর খুব আনন্দ| এটা মোটেই তাদের রেল কোয়ার্টারের বাড়ির মত হালকা-পাতলা নয়| বেশ কেমন ভারী ভারী, আর আলো - অন্ধকার মেশানো| জায়গায় জায়গায় কেমন লুকোচুরি খেলার মত হঠাৎ একটা সরু প্যাসেজ, হঠাৎ তার গা দিয়ে ছোট্ট একটা কোনাচে ঘর , সিঁড়ির চাতাল দিয়ে বেরিয়ে পড়ে আচমকা একটা বারান্দা , আর সব থেকে মজা - ঘরে দালান এখানে - সেখানে এক -একটা দেওয়াল আলমারি| ছোট-বড় নানান মাপের| পুরনো সেই আলমারিগুলো খুললেই কেমন একটা চাপা চাপা ভ্যাপসা গন্ধ ছড়িয়ে পড়ে, বাসুর দারুণ ভালো লাগে| যেন এর মধ্যে কী একটা রহস্য লুকিয়ে ছিল, আগের মালিকরা সেটা নিয়ে চলে গেছে| ভিতরের দেওয়ালগুলো তাই বোবা মুখ করে ক্ষুণ্ন হয়ে বসে আছে| একটা আলমারির তাকের মধ্যে খানিকটা কালির ছিটে, কেমন একটা ওষুধ ওষুধ গন্ধ| তার মানে এটায় ওরা সবকিছু রাখত| দালানের তাকগুলোয় যে বই রাখত সেটা তার মেঝের দাগ দেখেই বোঝা যাচ্ছে| বাসু এইভাবে গোটা বাড়ি ঘুরে ঘুরে দেখে আর বলে, বাসুর দিদি হাসে| মাকে ডেকে বলে, “ মা তোমার এই পুত্তুরটি ভবিষ্যতে

ডিটেকটিভ হবে| যা অবজারভেশন  আর যা অনুমান শক্তি|''  বাসু অবশ্য তাতে দমে না, চিরদিনই তো বাসুকে 'ডাউন' করাই দিদির জীবনের মূল লক্ষ্য | তাই দিদির কথায় কান না দিয়ে বাসু অভিযান চালিয়ে যায় | সেকেলে পুরনো বাড়ি, দুদিকে দেয়াল দেওয়া সিঁড়ি, তাই পায়ের তলাটা অন্ধকার ঘুটঘুটে | মা বলেন, আগের দিনে লোকে এই ঘরটাকে  চোরা কুঠুরি বলতো | বাসু বললো, আগের দিনে যদি বলতো- তাহলে এখন বললেই বা দোষ কি! মা হেসে বললেন, চোরা কুঠুরি, চিলেকোঠা কথাগুলো যেন বড্ড সেকেলে | আমার দিদিমা ঠাকুমা বলতেন | বাসু গম্ভীরভাবে বললো, তোমার ঠাকুমা, তার ঠাকুমা তো ভাতকে ভাত বলতেন, তুমিও তাই বলো কেন? কিছুই হাসির কথা বলেনি বাসু , তবু বাসুর কথা নিয়ে বাড়ি সুদ্ধ লোকের সেকি হাসির ধুম| মাস্টারমশাইয়ের কথামতো বাসু ওইসব ঠাট্টা- কথায় লজ্জা না পেয়ে বাড়িটার রহস্য আবিষ্কারের মহৎ ব্রত নিয়ে খেটে যাচ্ছে |

I. নতুন কেনা পুরনো বাড়িতে বাসুর কাছে সবচেয়ে মজার বিষয়টি ছিল-

A. সেখানে ঘরেই দালান - যেখানে আছে এক -একটা দেওয়াল আলমারি

B. সেখানে সিঁড়ির চাতাল থেকেই বেরিয়েছে আচমকা একটা বারান্দা

C. সেখানে নানান জায়গায় আছে লুকোচুরি খেলার মত হঠাৎ একটা সরু প্যাসেজ

D. সরু প্যাসেজের গায়েই সেখানে হঠাৎ আছে ছোট্ট একটা কোনাচে ঘর

II. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য (ক): চাপা-ভ্যাপসা গন্ধ বাসুর পছন্দের বলেই পুরনো আলমারি থেকে নির্গত চাপা গন্ধ তার দারুণ লেগেছিল |

মন্তব্য(খ): পুরনো আলমারি থেকে নির্গত চাপা গন্ধে রহস্যের গন্ধ পেয়েছিল বলেই বাসুর তা দারুণ লেগেছিল |

A. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

B. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

C. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ঠিক

D. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ভুল

III. বাসুর চরিত্রের কোন্ বৈশিষ্ট্যগুলো দেখে তার দিদি অবজ্ঞাভরে মাকে বলে যে, সে একজন ডিটেকটিভ হবে?-

A. তার 'অবজারভেশন' আর অনুমান শক্তি

B. তার 'অবজারভেশন' আর কথা বলার ক্ষমতা

C. তার 'অবজারভেশন' আর গভীর চিন্তাশক্তি

D. তার 'অবজারভেশন' আর অশেষ ধৈর্য

IV. সুপ্রাচীন কাল থেকে ভাতকে ভাত বলার রীতি অনুসারে বাসুর মা-ও তাই বলেন – এই ব্যাখ্যা বাসু যেভাবে করে তাতে বোঝা যায় বাসু হল -

A. উদার B. ভাববাদী

C. অন্তর্মুখী D. যুক্তিবাদী

V. 'আনন্দ'-এর বিপরীত শব্দ হল –

A. অখুশি B. প্রসন্ন

C. বিষাদ D. বিষণ্ণ

**C.** গঙ্গার প্রিন্সেপ ঘাট চত্বরে একটা স্থাপত্য। নিচের দিক টা পাথরের আর ওপরের দিকটা ধাতুর। স্থাপত্যশৈলীতে মিশ্ররীতি। মুঘলের সঙ্গে পাশ্চাত্যের। সাহেবরা একসময় এটাকে বলত 'পিপার পট'। এক অখ্যাত, ভুলে-যাওয়া যুদ্ধের স্মৃতি নিয়ে দাঁড়িয়ে আছে স্থাপত্যটি। কলকাতার বুকে যুদ্ধের স্মৃতিসৌধ বা চিহ্নের অভাব নেই। রেড রোড, হাওড়া স্টেশন, বজবজ, হেস্টিংস; এমনকী কলেজ স্ট্রিটেও রয়েছে যুদ্ধের স্মৃতি। আসলে সিরাজ থেকে শুরু করে বিশ্বযুদ্ধ পর্যন্ত কীসের সাক্ষী না ছিল কলকাতা! সেই সূত্রেই অনেক যুদ্ধের ঝাপটা লেগেছে তার গায়ে। শুধু কি তাই? যুদ্ধ হল মহীশূরে, আর সৌধ বসল কলকাতায়। এ-ও এক

আশ্চর্য ইতিহাস, সেই ইতিহাস ফুঁড়েই জন্ম নিয়েছে এই স্মৃতিসৌধ| ১৮৪৩, ব্রিটিশ সরকার সিদ্ধান্ত নিলেন যে-কোন উপায়ে গোয়ালিয়র দখল করতে হবে| ঐতিহ্যের দিক থেকে বিচার করলে স্থাপত্য, শিল্প, সংস্কৃতি, সঙ্গীত- কোনও দিকই বাদ দেওয়া চলে না| আবার টপ্পা গানের করুণরসের ঐতিহ্যও এই গোয়ালিয়রের মজ্জাগত| কিন্তু গোয়ালিয়রের রাজারা যেমন জেদি তেমন একরোখা| এই জেদকেই ভাঙতে দৃঢ়প্রতিজ্ঞ হল ইংরেজ| কারণ গোয়ালিয়র তাদের রেয়াত করত না কোনও কালেই |১৩'ডিসেম্বর,১৮৪৩| গভর্নর জেনারেল লর্ড এলেনবোরো চিঠি পাঠালেন গোয়ালিয়রে| দুটি সতর্কবার্তা| প্রথমত, রাজ্যের মানচিত্র সংক্ষিপ্ত করতে হবে এবং দ্বিতীয়ত, সৈন্যসংখ্যা কমাতে হবে| এমন দাবি কি মেনে নেওয়া যায়? শুরু হল তীব্র প্রতিবাদ| বেধে গেল যুদ্ধ|

I. গঙ্গার প্রিন্সেপ ঘাট চত্বরের স্থাপত্যটি হল-

A. গৌরবোজ্জ্বল ঐতিহাসিক ঘটনার স্মারক

B. অখ্যাত, ভুলে-যাওয়া যুদ্ধের স্মৃতির স্মারক

C. বিখ্যাত, চিরস্মরণীয় যুদ্ধের স্মৃতির স্মারক

D. বীর যোদ্ধাদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপক স্মারক

II. প্রিন্সেপ ঘাট চত্বরের স্থাপত্যটির শৈলীতে যে মিশ্ররীতি দেখা যায় তা হল –

A. মুঘলের সঙ্গে বৌদ্ধের

B. দ্রাবিড়ীয়র সঙ্গে পাশ্চাত্যের

C. মুঘলের সঙ্গে পাশ্চাত্যের

D. দ্রাবিড়ীয়র সঙ্গে মুঘলের

III. ব্রিটিশ সরকার গোয়ালিয়র দখল করার সিদ্ধান্ত নিলেন কারণ –

A. গোয়ালিয়র প্রাকৃতিক সম্পদে পরিপূর্ণ

B. গোয়ালিয়র সংস্কৃতিগত ভাবে সমৃদ্ধ এক স্থান

C. গোয়ালিয়র সংস্কৃতি ও ঐতিহ্য – দু'দিক থেকেই সমৃদ্ধ

D. গোয়ালিয়র বিত্ত-বৈভবে পরিপূর্ণ-উজ্জ্বল এক স্থান

IV. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য (ক): যুদ্ধের প্রকৃত কারণ হল, বৃটিশের দাবি যুক্তিপূর্ণ হলেও অন্যায় বলে গোয়ালিয়র মেনে নিতে পারে নি|

মন্তব্য (খ): যুদ্ধের প্রকৃত কারণ হল বৃটিশের অন্যায়-অযৌক্তিক দাবি গোয়ালিয়র মেনে নিতে পারে নি|

A. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

B. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

C. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ঠিক

D. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ভুল

V. 'পর্যন্ত'- সন্ধি বিচ্ছেদ করলে হয় –

A. পরি + অন্ত B. পরি + যন্ত

C. পর + যন্ত D. পর +অন্ত

## SECTION- B( Grammar)

**2.**যে কোনো **পাঁচটি** বাগধারা/প্রবাদের সঠিক উত্তরটি বেছে লেখ:(MCQ) 1X5=5

I. কী গো, নতুন চাকরি পাওয়ার পরে তুমি তো একেবারে __________ হয়ে গেছ, দেখাই পাওয়া যায় না |- শূন্যস্থানে কোন্ বাগধারাটি বসবে?

A. নয়নের মণি B. চক্ষুশূল

C. ডুমুরের ফুল D. অষ্টরম্ভা

II. 'মুখে মিষ্টি অন্তরে বিষ' বোঝাতে কোন্ বাগধারাটি প্রয়োগ করা হবে?
A. মুখের কথা B. দু মুখো সাপ
C. মিছরির ছুরি D. বালির বাঁধ

III. নিচের কোন্ বাক্যে 'আঠারো মাসে বছর' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে?
A. শ্যামলবাবু কোনদিনই ঠিক সময়ে ট্রেন ধরতে পারেন না কারণ তাঁর হচ্ছে আঠারো মাসে বছর|
B. আঠারো মাসে বছর হলে তোমার পড়াশুনোর উন্নতি হবে|
C. আমাদের চারপাশে কত মানুষ আঠারো মাসে বছর হয়ে বসে আছে|
D. ছেলেটি খুব রাগী হলেও তার তো আঠারো মাসে বছর|

IV. 'দু' নৌকায় পা' বাগধারাটির অর্থ –
A. দু' রকম ব্যবহার B. একমাত্র আশ্রয়
C. একহাতে সব সামলানো D. একসঙ্গে দুটি কাজের ঝুঁকি নেওয়া

V. 'ভঙ্গুর' বোঝাতে কোন্ বাগধারাটির প্রয়োগ করা হয়?
A. তীর্থের কাক B. তাসের ঘর
C. অমাবস্যার চাঁদ D. হাতের পাঁচ

VI. 'হ য ব র ল' বাগধারাটির অর্থ –
A. বিশৃঙ্খল B. সমাধান
C. প্রতিবাদ D. সমন্বয়

VII. সে রমেশকে টাকা দিয়েছে, না ________ দিয়েছে | - শূন্যস্থানে কোন্ বাগধারাটি বসবে?
A. জগাখিচুড়ি B. ঘোড়ার ডিম
C. ঢাকের বাঁয়া D. ইঁচড়ে পাকা

VIII. 'অতি প্রাচীনকাল' বোঝাতে কোন্ বাগধারাটির প্রয়োগ করা হয়?
A. বসন্তের কোকিল B. মান্ধাতার আমল
C. রাবণের চিতা D. ঊনপঞ্চাশ বাই

## **SECTION- C**

## **(Main Course Book)**

**3. পাঠ্য <u>গদ্য</u>** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ :

(যে কোনো **দশটি**)(MCQ) 1X10=10

I. "... দূর করতেই নানান কথা আসে |"- 'নানান কথা' আসার কারণ-

A. বৃষ্টিতে লোকের মেজাজ বিগড়ে গিয়েছিল

B. অলস দিনযাপনের একঘেয়েমি কাটাতে

C. প্রায় প্রত্যেকেই ছিল নানান বিষয়ে জ্ঞানী

D. লোকেরা নানান ভাষায় কথা বলতে ভালবাসত

II. পউষে বাদলা সম্পর্কে 'ডাকপুরুষের' পুরোনো 'বচন'টি হল-
A. শনিতে সাত, মঙ্গলে পাঁচ, বুধে তিন – বাকি সব দিন-দিন
B.বুধে পাঁচ, মঙ্গলে সাত, রবিতে তিন - বাকি সব দিন-দিন
C. মঙ্গলে সাত, শনিতে পাঁচ, বুধে তিন – বাকি সব দিন-দিন
D. রবিতে সাত, মঙ্গলে পাঁচ, শনিতে তিন – বাকি সব দিন-দিন

III. "...নিখিল চুপ করে থাকে|"- নিখিলের এই চুপ করে থাকার কারণ হল-

A. সে তার ভুল বুঝতে পেরেছে B. সে নিজের কাজে ব্যস্ত হয়ে পড়েছে

C. মৃত্যুঞ্জয় তাকে চুপ করতে বলেছে D. মৃত্যুঞ্জয়ের চোখ ছলছল করে উঠেছে

IV. "হঠাৎ বিকেলে এক অদ্‌ভুত দৃশ্য দেখা গেল|" – দৃশ্যটি ছিল -

A. প্রবল বৃষ্টিতে এক বুড়ি রাস্তা দিয়ে হেঁটে আসছে

B. শীতের সন্ধেবেলায় গ্রামের মানুষ চায়ের দোকানে আড্ডা দিচ্ছে

C. মাঠ পেরিয়ে একটি চ্যাংদোলা আসছে

D. বুড়ির মৃতদেহ উঠে বসার চেষ্টা করছে

V. কার্য-কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

কার্য: মৃত্যুঞ্জয় একতাড়া নোট নিখিলের সামনে রাখল|

কারণ (ক): টাকাটা রিলিফ ফাণ্ডে দিয়ে আসতে হবে|

কারণ (খ): টাকাটা মৃত্যুঞ্জয়ের বাড়িতে পাঠাতে হবে|

A. কারণ (ক) ঠিক কিন্তু কারণ (খ) ভুল

B. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) ঠিক

C. কারণ (ক) ও (খ)- দুটোই ঠিক

D. কারণ (ক) ও (খ)- দুটোই ভুল

VI. গ্রাম থেকে যেসব লোক দৌড়ে আসছিল তাদের হাতে ছিল –

A. বড় লাঠি

B. মারাত্মক অস্ত্রশস্ত্র

C. কৌটোভর্তি বারুদ

D. লোহার রড

VII. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য (ক): বৃষ্টির সঙ্গে বাতাস জোরালো হলে তাকে ফাঁপি বলে|

মন্তব্য (খ): জাঁকালো শীতে হালকা বৃষ্টি হলে তাকে ফাঁপি বলে|

A. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

B. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

C. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ঠিক

D. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ভুল

VIII. 'মরবে রে নির্ঘাত মরবে বুড়িটা'- লোকেদের একথা বলার কারণ-

A. বুড়ি অনেক দিন খায়নি
B. দুর্যোগের রাতে বুড়ি রাস্তায় নেমেছিল
C. চা খেয়ে বুড়ির বিষম লেগেছিল
D. বুড়িকে দেখে অসুস্থ মনে হচ্ছিল

IX. লঙ্গরখানা খুঁজে বের করে মৃত্যুঞ্জয় কী করে?

A. অনাহারী মানুষদের কথাবার্তা শোনে

B. লঙ্গরখানার কাজের তদারক করে

C. লঙ্গরখানার কর্মীদের সাহায্য করে

D. অনাহারী-অন্নপ্রার্থীর ভিড় দেখে

X. "যবন নিধনে অবতীর্ণ হও মা!"—বক্তা হলেন –

A. করিম ফরাজি B. ভটচাজমশাই

C. নিবারণ বাগদি D. নকড়ি নাপিত

XI."নিখিলকে বার বার আসতে হয়|"- নিখিলকে কোথায় বার বার আসতে হয়?

A. মৃত্যুঞ্জয়ের বাড়িতে B. লঙ্গরখানায়

C. রিলিফ ক্যাম্পে D. ফুটপাথে

XII. নিখিল দেখেছিল মৃত্যুঞ্জয় শার্সিতে আটকানো মৌমাছির মতো -

A. গুনগুন করছে B. উড়ে বেড়াচ্ছে
C. মাথা খুঁড়ছে D. মধু খাচ্ছে

**4**. **পাঠ্য আন্তর্জাতিক কবিতা** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ : (যে কোনো **<u>পাঁচটি</u>**) (MCQ ) 1X5=5

I. "সেখানে কি সবাই প্রাসাদেই থাকত?"- 'সেখানে' বলতে কোন জায়গার কথা বলা হয়েছে?-

A. চিন B. রোম

C. বাইজেনটিয়াম D. স্পেন

II. বের্টোল্ট ব্রেখট কোন্ দেশের কবি ছিলেন? –

A. রাশিয়া B. জার্মানি

C. ফ্রান্স D. ইটালি

III. "কে বানিয়েছিল সাত দরজাঅলা থিবস্?" – 'থিবস' হল -

A. স্থাপত্য B. ভাস্কর্য

C. প্রাসাদ D. নগর

IV. "কে জিতেছিল ? একলা সে?" – 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে?

A. পড়তে জানা এক মজুর B. একজন বিশেষ সৈন্য

C. দ্বিতীয় ফ্রেডারিক D. ফিলিপ

V. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য (ক) : পাঠ্য কবিতায় প্রশ্নটি পড়তে জানে এমন এক মজুরের অধিকারবোধ থেকে জাগ্রত প্রশ্ন

মন্তব্য (খ): পাঠ্য কবিতায় প্রশ্নটি পড়তে জানে এমন এক মজুরের ঔদ্ধত্যের প্রশ্ন

A. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

B. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

C. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ঠিক

D. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ভুল

VI. "... সেই সন্ধ্যায় কোথায় গেল রাজমিস্ত্রিরা?"-'সেই সন্ধ্যা' বলতে বোঝানো হয়েছে সেই সময়কে যখন –

A. বিরাট আর্মাডা ডুবে গেল

B. ব্যাবিলন গুঁড়ো হয়ে গেল

C. আটলান্টিসকে সমুদ্র গ্রাস করে নিল

D. চিনের প্রাচীর নির্মাণ শেষ হল

**5. পাঠ্য নাটক** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ :

(যে কোনো **পাঁচটি**)(MCQ) 1X5=5

I. 'নানা রঙের দিন' নাটকের মঞ্চনির্দেশে পাই –"পেশাদারি থিয়েটারের একটি ফাঁকা মঞ্চ|"- মঞ্চটি ফাঁকা থাকার কারণ –

A. অনেকক্ষণ আগেই অভিনয় শেষ হয়ে গিয়েছিল

B. রজনীকান্ত নিজেই ফাঁকা মঞ্চ চেয়েছিলেন

C. নাটক মঞ্চস্থ হওয়ার সময় অনেক দেরিতে ছিল

D. অন্য কোনো নাটক মঞ্চস্থ হওয়ার কথা ছিল না

II. রজনীকান্ত 'রিজিয়া' নাটকের কোন চরিত্রের সংলাপ বলেছেন?

A. আলমগীর B. বক্তিয়ার

C. মিরজুমলা D. সাজাহান

III. 'যা করেছি ধর্মের জন্য…'— নাটকে ব্যবহৃত উক্তিটির মাধ্যমে বক্তার চরিত্রের কোন্ দিকটি ফুটে উঠেছে? -

A. সারল্যের দিক B. কপটতার দিক

C. ধর্মীয় ভাবনার দিক D. ভালবাসার দিক

IV.  মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য (ক):  রজনীকান্তের জীবন ভোর, সকাল, দুপুর, সন্ধে অতিক্রম করে যখন কেবল মাঝরাত্তিরের জন্য অপেক্ষার কথা বলে তখন তা আসলে অভিনেতা রজনীকান্তের চরম হতাশাকে তুলে ধরে|
মন্তব্য (খ):  রজনীকান্তের জীবন ভোর, সকাল, দুপুর, সন্ধে অতিক্রম করে যখন কেবল মাঝরাত্তিরের জন্য অপেক্ষার কথা বলে তখন তা রজনীকান্তের ব্যক্তি ও অভিনেতা – উভয় সত্তার হতাশাকেই তুলে ধরে|
A. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল
B. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

C. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ঠিক

D. মন্তব্য (ক) ও মন্তব্য (খ)- দুটোই ভুল

V. "পাবলিক তো আপনাকে ভালবাসে চাটুজ্জেমশাই|"-এই 'পাবলিক' হল-

A. সাধারণ মানুষ                B. সংস্কৃতিপ্রেমী মানুষ

C. নাটকের সাধারণ দর্শক                D. নাটকের সাধারণ কলাকুশলী

VI. কার্য: আমি রোজ লুকিয়ে লুকিয়ে গ্রিনরুমে ঘুমোই চাটুজ্জেমশাই|

কারণ (ক): গ্রিনরুম ছাড়া বক্তার শোয়ার জায়গা ছিল না

কারণ (খ): বক্তা গ্রিনরুমে ঘুমোতে ভালবাসতেন

A. কারণ (ক) ঠিক কিন্তু  কারণ (খ) ভুল

B. কারণ (ক) ভুল কিন্তু  কারণ (খ) ঠিক

C. কারণ (ক) ও (খ)- দুটোই ঠিক

D. কারণ (ক) ও (খ)- দুটোই ভুল

**6**. **পাঠ্য সহায়ক পাঠ** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ :

(যে কোনো **<u>পাঁচটি</u>**) (MCQ)                1X5=5

I. গারোদের ঘরগুলো মাচার ওপরে বাঁধা হত, কারণ –

A. ওপরে বেশী আলো পাবে

B. বন্য জন্তুদের থেকে নিজেদেরকে বাঁচাতে পারবে

C. ওপরে বেশী বাতাস পাবে

D. বন্যায় ভেসে যাওয়ার হাত থেকে রক্ষা পাবে

II. হাজং-ডালুদের উচ্চারণ বৈশিষ্ট্য অনুযায়ী 'টাকা'-কে বলা হবে –

A. দাকা    B. ডাকা

C. তাকা    D. ঢাকা

III. তহশিলদার প্রজাদের কাছারিতে ধরে নিয়ে যেত, যখন-

A. প্রজারা নিজেদের মধ্যে হাসাহাসি করতো

B. প্রজারা খাজনা দিতে পারতো না

C. প্রজারা তহশিলদারকে অমান্য করতো

D. প্রজারা জমিদারের কাছে হার স্বীকার করতো

IV."একটা দুষ্টু শনি কোথাও কোনো আনাচে যেন লুকিয়ে আছে|"- এখানে জমিদারকে 'দুষ্টু শনি' বলার কারণ –

কারণ (ক): শনির মতো তার ষড়যন্ত্রে গরিব প্রজাদের ফসলের জমি চাষের অযোগ্য হয়ে উঠত ব'লে

কারণ (খ): শনির মতো তার কুদৃষ্টিতে গরিব প্রজারা তাদের ফসল হারিয়ে সর্বস্বান্ত হত ব'লে

A. কারণ (ক) ও (খ ) দুটোই ঠিক

B. কারণ (ক) ও (খ ) দুটোই ভুল

C. কারণ (ক) ঠিক কিন্তু (খ) ভুল

D. কারণ (ক) ভুল কিন্তু (খ) ঠিক

V. লেপচাদের কাছে 'রংতু' হল –

A. মহানন্দা নদী B. তোর্সা নদী

C. তিস্তা নদী D. ভাগীরথী

VI. দূর থেকে বাঁশের মোটা লাঠির ডগা দেখে খিটখিটে বুড়িরা কী করতো?-

A. আশীর্বাদ করতো B. কান্নাকাটি করতো

C. হাসাহাসি করত D. শাপমুন্নি দিত

## PART B: Descriptive Questions

## SECTION- B (Grammar)

**7**. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রটির **দু'টি** উদাহরণসহ সংজ্ঞা লেখ: (2+3)x1=5

অপিনিহিতি

**8**. নিম্নলিখিত অলঙ্কারটির **একটি** উদাহরণসহ সংজ্ঞা লেখ: 3+2=5

অনুপ্রাস

**অথবা**

অলঙ্কার নির্ণয় কর এবং সংজ্ঞা লেখ:(**একটি**)

I. "জীবে দয়া তব পরম ধর্ম
জীবে দয়া তব কই?"

II. "চল চপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ|"

III. “যাইতে মানস–সরে
কার না মানস সরে?”

**9.** যে কোনো **<u>একটি</u>** বাগধারা/প্রবাদের অর্থ লিখে বাক্য রচনা কর: 2x1=2

আকাশ থেকে পড়া, উভয় সংকট

## <u>SECTION- C</u>

### <u>Supplementary Reader/ Non-detailed Text</u>

**10.** “নইলে দর্শনটা অনেক আগেই ঘটে যেত সন্দেহ নেই|”- 2

কীসের দর্শনের কথা বলা হয়েছে এবং তা আগে ঘটে নি কেন?

**11.** “গাঁ থেকে এইছি| খেতে পাইনে বাবা| আমায় খেতে দাও!” – 3

গল্পে চরিত্রটির এই পরিণতির পিছনে তার নিজের কোন্ কোন্ ভাবনাচিন্তা কাজ করেছে বলে তুমি মনে কর , তা গল্প অবলম্বনে বুঝিয়ে দাও|

**অথবা**

“শেষে রোদের আলোয় সে দূরের দিকে ক্রমশ আবছা হয়ে গেল|” -

গল্পের শেষে ‘সে’ যে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন ক’রে ভারতবর্ষের স্বরূপকে তুলে ধরে- তা লেখ|

**12**. প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ: 5

“সবুজের অনটন ঘটে”

**অথবা**

“আমার বিবেক, আমার বারুদ
বিস্ফোরণের আগে|”

**13.** a. “সেসব দিনের কথা কি তোমার মনে আছে কালীনাথ?”- ‘সেসব দিন’ বলতে কী বোঝানো হয়েছে? 2

b. “তখনই ভয়ে যেন বুকের ভেতরটা হিম হয়ে আসে আমার,”-
বক্তার জীবনের এই পরিস্থিতির জন্য তিনি নিজে কতখানি দায়ী বলে তুমি মনে কর - তা বুঝিয়ে লেখ| 3

**অথবা**

‘নানা রঙের দিন’ নাটকের শেষাংশে ব্যবহৃত উইলিয়ম শেক্সপীয়রের তিনটি নাটকের তিনটি সংলাপ যেন রজনীকান্তের জীবনের সঙ্গে মিলেমিশে একাকার হয়ে গেছে – আলোচনা কর|

**14**. a. “এবার সে ইঁদুরকলে পড়েছে”- 2
চেংমান কীভাবে ইঁদুরকলে পড়ে তা গল্প অবলম্বনে লেখ|

b. বক্সায় ইংরেজরা যখন বন্দিশিবির তৈরি করেছিল, তখন সেখানকার পরিবেশ কেমন ছিল? 2

## Section-D

## Creative Writing

**15.** নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল| এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: 2+2=4

ফের যান্ত্রিক ত্রুটিতে আটকে গেল রোপওয়ে| গত এপ্রিলে ত্রিকুট পাহাড়ের উপরে দেওঘরের রোপওয়ে বিপর্যয়ে অন্তত তিনজন পর্যটকের মৃত্যু হয়েছিল| এদিন হিমাচলের সোলানে একই ভাবে একাধিক কেবল কার আটকে যেতেই ফিরে এসেছিল দেওঘরের আতঙ্ক| ঘন্টা তিনেক পরে অবশ্য স্থানীয় পুলিশ এবং বিপর্যয় মোকাবিলা বাহিনী আটক এগারো জনকেই নিরাপদে উদ্ধার করে| মাঝ আকাশে ঝুলন্ত অবস্থায় যাঁরা রুদ্ধশ্বাস প্রহর গুনছিলেন, তাঁদের মধ্যে দুজন প্রবীণ নাগরিক ও চারজন মহিলা ছিলেন বলে জানা গিয়েছে| রোপওয়ে বিভ্রাটের খবর পেয়ে স্থানীয় প্রশাসনের তরফে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে গিয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে ঘটনার পূর্ণাঙ্গ

রিপোর্ট চেয়ে পাঠানো হয়| জানা গিয়েছে, এদিন দুপুরে হিমাচলপ্রদেশের সোলান জেলায় কৌশল্যা নদীর উপর দিয়ে যাওয়া পারওয়ানুর রোপওয়ে মাঝ আকাশে হঠাৎ বিকল হয়ে যায়| খুব সম্ভবত যান্ত্রিক ত্রুটির কারণেই। তবে কেবল কার বিকল হতেই তড়িঘড়ি পর্যটকদের উদ্ধারকাজে নামে স্থানীয় পুলিশ| পরে এসে যোগ দেয় বিপর্যয় মোকাবিলা বাহিনীও| হেলিকপ্টার যায়। অন্য লাইন দিয়ে পৌঁছে যায় উদ্ধারকারী কেবল কারও| হারনেসের সাহায্যে কৌশল্যা নদীর উপত্যকায় পাহাড়ের গায়ে একে-একে পর্যটকদের নামানো হয়।

a. উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও|

b. দু'টি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর|

**16**. মনে কর, তোমার বাবা প্রবাসে কর্মরত। ভবিষ্যৎ জীবনে তুমি এমন এক পেশাকে বেছে নিতে চাও যাতে তুমি দেশের মঙ্গলের কাজে নিজেকে নিয়োজিত করতে পারো – তোমার এই ইচ্ছের কথা জানিয়ে বাবাকে একটি চিঠি লেখ| 5

**অথবা**

জলের আরেক নাম জীবন অথচ বিশ্ব উষ্ণায়ন ও নানা কারণে বিশ্বব্যাপী জল সংকট এক গভীর সমস্যা হয়ে দেখা দিচ্ছে। তাই জল সংরক্ষণের প্রয়োজনীয়তার কথা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।